দৈনিক সংবাদ

MAR 31 2002

# অবশেষে রোকেয়া হল ও কুয়েত মৈত্রী হলে নতুন প্রভোস্ট নিয়োগ

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ রোকেয়া হলের সদ্য নিয়োগপ্রাপ্ত প্রভোস্ট তাহমিনা আখতারকে কুয়েত মৈত্রী হলের এবং রসায়ন বিভাগের অধ্যাপক তাজমেরী এস. এ ইসলামকে রোকেয়া হলের প্রভোস্ট হিসেবে নিয়োগ দেয়া হচ্ছে। আগামীকাল থেকে তাদের এই নিয়োগ কার্যকর হবে। এই দুই হলের প্রভোস্ট নিয়োগ নিয়ে বিএনপিপন্থী শিক্ষক ও বিএনপির উচ্চ মহলে এর আগে নাটকীয় ঘটনা ঘটে।

খোঁজ নিয়ে জানা গেছে, বিএনপির উচ্চ মহলের চাপের মুখে গত মাসে রোকেয়া হলের সাবেক প্রভোস্ট অধ্যাপক শামীমা চৌধুরীকে সরিয়ে (মেয়াদপূর্ণ না হওয়া সত্ত্বেও) বিএনপি ও জামাতপন্থী সমাজ কল্যাণের তাহমিনা আখতারকে প্রভোস্ট হিসেবে নিয়োগ দেয়া হয়। বিএনপি ও জামাতপন্থী সিনিয়র শিক্ষকদের বাদ দিয়ে তাহমিনা আখতারকে নিয়োগ দেয়ায় বিএনপিপন্থী শিক্ষকদের একটি গ্রুপ ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে এবং উপাচার্যের কাছে মৌখিক অভিযোগ দেন। এভাবে কিছুদিন চলার পর গত সপ্তাহে এই খবর বিএনপির উচ্চ মহলে গেলে তারা রোকেয়া হল থেকে তাহমিনা আখতারকে সরিয়ে নেয়ার জন্য উপাচার্যকে পরামর্শ দেন। পরে উপাচার্য বিএনপিপন্থী অন্য শিক্ষকদের সঙ্গে আলোচনা করে তাহমিনা আখতারের স্থলে অধ্যাপক তাজমেরী এস. এ ইসলামকে রোকেয়া হলের এবং কুয়েত মৈত্রী হলে তাহমিনা আখতারকে প্রভোস্ট হিসেবে নিয়োগ দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেন। উল্লেখ্য, ৫ই মার্চ কুয়েত মৈত্রী প্রভোস্ট অধ্যাপক রাবেয়া খাতুনের নির্ধারিত মেয়াদ শেষ হয়ে যায়।